

MEA's role in enabling safe, legal, smart and stable international migration during Covid-19

September 04, 2020

কোভিড-19 চলাকালীন নিরাপদ, আইনগত, স্মার্ট এবং স্থায়ী আন্তর্জাতিক অভিবাসনের ব্যবস্থাপনায় সমর্থ হওয়ার ক্ষেত্রে পররাষ্ট্র মন্ত্রকের ভূমিকা
সেপ্টেম্বর 04,2020

কোভিড-19 আন্তর্জাতিক অভিবাসনের ক্ষেত্রে বিশেষ চ্যালেঞ্জ তৈরি করেছে এবং অনেক ভারতীয় কর্মী ফিরে আসতে বাধ্য হয়েছে যদিও অধিকাংশ ভারতীয় কর্মী দেশান্তরে আশ্রয়দাতা দেশে থেকে কাজ করে যাচ্ছে।

নিরাপদ, আইনগত এবং স্থায়ী অভিবাসন এর পরিবেশ তৈরি করতে এবং কোভিড-19 এর ফলে উদ্ভূত চ্যালেঞ্জের মোকাবিলা করতে পররাষ্ট্র মন্ত্রক সংশ্লিষ্ট সব পক্ষের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে চলেছে।

আশ্রয়দাতা দেশগুলির সাথে, বিশেষ করে উপসাগরীয় দেশগুলির সাথে পরামর্শের সময় আমাদের অংশীদাররা ভারতীয় কর্মী এবং পেশাদারদের তাৎপর্যপূর্ণ অবদানের প্রশংসা করেছে এবং তাদের ফিরে যাওয়ার ক্ষেত্রে সাদর অভ্যর্থনা জানিয়েছে। প্রকৃতপক্ষে কিছু ক্ষেত্রে ইতিমধ্যেই ইতিবাচক প্রবণতা দেখা গেছে যেমন স্বাস্থ্য ও ডিজিটাল ক্ষেত্রে কর্মী ও পেশাদারদের অভিবাসন পুনরায় পূর্বাভাস্য ফিরে আসার প্রবণতা। ই-অভিবাসন সহ বৈদেশিক অভিবাসন মঞ্চগুলিকে সংযুক্তিকরণের ক্ষেত্রে আমাদের যুগ্ম প্রচেষ্টার ফলে ভারতীয় অভিবাসী কর্মীদের কাজের সম্ভাবনার উন্নতি ঘটেছে। ভারতীয় কর্মী এবং পেশাদারদের জন্য নতুন ক্ষেত্র এবং নতুন গন্তব্য উদ্ভূত হচ্ছে।

অভিবাসন পদ্ধতিতে নিবন্ধীকৃত নিয়োগকারী সংস্থার গুরুত্বপূর্ণ ভূমিকাকে স্বীকৃতি দিয়ে পররাষ্ট্র মন্ত্রক এক গুচ্ছ নির্দিষ্ট কোভিড-19 সম্পর্কিত ছাড় দিয়েছে যেমন ব্যাঙ্ক গ্যারান্টি 50% কমান, বিনামূল্যে 31মার্চ 2021পর্যন্ত লাইসেন্স বাড়ান, অফিস স্পেসের নিয়মে নমনীয়তা ইত্যাদি যাতে এই কঠিন অর্থনৈতিক পরিস্থিতিতে নিয়োগকারী সংস্থার অসুবিধার লাঘব হয় এবং এমন কি কোভিড-19 চলাকালীন আন্তর্জাতিক অভিবাসনকে পূর্বাভাস্য ফিরিয়ে আনার ক্ষেত্রে তাদের কাজকর্মে সাহায্য হয়। এই কর্মপন্থাগুলি প্রচলিত এবং নতুন ক্ষেত্রে এবং গন্তব্যে অভিবাসীদের ফিরে যাওয়া শুরু করতে অপেক্ষাকৃত ভাল পরিবেশ প্রদান করবে।

পররাষ্ট্র মন্ত্রক প্রস্তাবিত ভবিষ্যৎ সম্পর্কিত নতুন অভিবাসন ম্যানেজমেন্ট বিল তৈরি করতে সংশ্লিষ্ট পক্ষগুলিকে নিয়ে অধিবেশনও সংগঠিত করছে যা শীঘ্রই উপস্থাপন করা হবে।

কোভিড-19 চলাকালীন পররাষ্ট্র মন্ত্রক নিরাপদ, আইনগত, স্মার্ট এবং স্থায়ী আন্তর্জাতিক অভিবাসন চালু রাখতে সহায়তা করে।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 04, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.